

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, সিলেট।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেটের ২০২১-২০২২ অর্থবছরের সরকারি ও ২০টি তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডে কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মচারী/তাদের পরিবারের সদস্য এবং মৃত কর্মচারীর সদস্যদের জুন/২০২২ মাসে প্রাপ্ত আবেদনপত্রসমূহের অনুকূলে কল্যাণ তহবিল হতে চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে ০৫/০৭/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপকমিটির ১১তম সভার কার্যবিবরণী :

সভাপতি : পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট।
ও
সভাপতি, সাধারণ চিকিৎসা অনুদান উপকমিটি।

সভার তারিখ ও সময় : ০৫/০৭/২০২২ খ্রি. সকাল ১১.০০ টায়।

সভার স্থান : পরিচালকের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার কার্যক্রম উপস্থাপনের জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের হিসাবরক্ষণ অফিসার (গ্রেড-২) ও সদস্য সচিব জনাব মোঃ জুয়েল রানাকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে হিসাবরক্ষণ অফিসার (গ্রেড-২) সাধারণ চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে প্রধান কার্যালয়ের ১৬/০২/২০২২ খ্রি. তারিখে ০৫.৮১.০০০০.০০১.০১.০০৫.০৬(খন্ড)-০৮ নং স্মারকের নির্দেশনা মোতাবেক প্রাপ্ত আবেদনপত্রের ধরণ, রোগের প্রকৃতি ও চিকিৎসার ব্যয়, আবেদনপত্রের সাথে প্রাপ্ত কাগজপত্র সম্পর্কে বাছাই কমিটির সভায় বিস্তারিত উপস্থাপন করেন।


আলোচনা	সিদ্ধান্ত
<p>হিসাবরক্ষণ অফিসার (গ্রেড-২) কমিটিকে অবহিত করেন যে, বাছাই কমিটির সভায় জুন/২০২২ মাসে সাধারণ চিকিৎসা অনুদানের জন্য মোট ১১৯ (একশত উনিশ) টি আবেদনপত্র সভায় উপস্থাপন করা হয়, যার মধ্যে জুন/২০২২ মাসে প্রাপ্ত নিয়মিত আবেদন ৯২ (বিরানকই) টি, পূর্বের সভায় স্থগিতকৃত আবেদনের জবাব এসেছে ২৭ (সাতাশ) টি। বিশেষজ্ঞ চিকিৎসক ও কমিটির সদস্যগণ কর্তৃক প্রতিটি আবেদনের সাথে প্রাপ্ত কাগজপত্র পূঙ্খানুপূঙ্খভাবে যাচাই-বাছাই করে প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক ৮৯ (উনকই) টি আবেদনের সাথে প্রাপ্ত কাগজপত্র যথাযথ আছে মর্মে নিশ্চিত করেন এবং আবেদনপত্রের ধরণ, রোগের প্রকৃতি ও চিকিৎসা ব্যয় বিবেচনায় সংযুক্ত তালিকায় (পরিশিষ্ট-খ) বাছাই কমিটি কর্তৃক প্রস্তাবিত তালিকায় ৯২ (বিরানকই) টি নিয়মিত আবেদনের মধ্যে ৭২(বাহাত্তর) টি যোগ্য আবেদনের নামের পার্শ্বে টাঃ ১৫,৭৫,০০০ (পনের লক্ষ পচাত্তর হাজার) মাত্র এবং পূর্বের সভায় স্থগিতকৃত ২৭(সাতাশ) টি আবেদনপত্রের জবাবের মধ্যে ১৭(সতের) টি যোগ্য আবেদনের নামের পার্শ্বে টাঃ ৩,৮০,০০০ (তিন লক্ষ আশি হাজার)মাত্র, মোট (৭২+১৭)=৮৯ (উনকই) টি আবেদনকারীর নামের পার্শ্বে বর্ণিত টাকার অংক অনুযায়ী সর্বমোট টাঃ = (১৫,৭৫,০০০+৩,৮০,০০০) = ১৯,৫৫,০০০ (উনিশ লক্ষ পঞ্চাশ হাজার) মাত্র কমিটি প্রাথমিকভাবে মঞ্জুরির সুপারিশ করেন। নিয়মিত ৯২ (বিরানকই) টি আবেদনের মধ্যে ১৬ (ষোল) টি আবেদনপত্র (ডায়রি নং- ৪৩৬, ৪৩৯, ৪৪১, ৪৪৩, ৪৫৭, ৪৫৮, ৪৭৪, ৪৭৬, ৪৮৫, ৪৮৬, ৪৯০, ৪৯৩, ৫০৫, ৫১০, ৫১৩, ৫১৯) এবং পূর্বের সভায় স্থগিতকৃত আবেদনপত্রের জবাবের ২৭ (সাতাশ) টি আবেদনের মধ্যে ০৩ (তিন)টি আবেদনপত্র (ডায়রি নং- ৭৮, ৪০২, ৪২১) স্থগিত করা হয়। চাহিত কাগজপত্র প্রাপ্তি ও ত্রুটি/বিচ্যুতি সংশোধন সাপেক্ষে স্থগিতকৃত আবেদনপত্র পরবর্তী বাছাই কমিটির সভায় উপস্থাপন করা যেতে পারে এবং তালিকায় বর্ণিত নিয়মিত ৯২ টি আবেদনের মধ্যে ৪টি আবেদনপত্র (ডায়রী নং-৪৫০, ৪৫২, ৪৭৩, ৪৭৮) বিভিন্ন কারণে চিকিৎসা অনুদান পাওয়ার অযোগ্য বলে কমিটি অভিমত ব্যক্ত করেন। পূর্বের সভায় স্থগিতকৃত আবেদনপত্রের জবাবের ২৭ টি আবেদনের মধ্যে ৭টি আবেদনপত্র (ডায়রি নং- ১০১, ১০৭, ১৭৯, ২৭৪, ১০৪১, ১০৪২, ১০৭৬) বাতিল করা হয়।</p>	<p>(ক) বাছাই কমিটি কর্তৃক প্রস্তাবিত নিয়মিত ৯২টি আবেদন পত্রের মধ্যে যোগ্য ৭২ টি এবং জবাব ২৭ টির মধ্যে যোগ্য ১৭টি সর্বমোট (৭২+১৭)= ৮৯ (উনকই) টি আবেদনের আবেদনকারীর অনুকূলে আবেদনপত্রের ধরণ, রোগের প্রকৃতি ও চিকিৎসা ব্যয় বিবেচনায় নামের পার্শ্বে বর্ণিত টাকার অংক (পরিশিষ্ট-খ) অনুযায়ী সর্বমোট টাঃ = (১৫,৭৫,০০০ + ৩,৮০,০০০) = ১৯,৫৫,০০০ (উনিশ লক্ষ পঞ্চাশ হাজার) মাত্র মঞ্জুরির সুপারিশের প্রেক্ষিতে অর্থ মঞ্জুরি সম্পর্কে উপকমিটির সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনার পর উপকমিটির সভায় অর্থ মঞ্জুরি প্রদানের বিষয়ে উপকমিটি সর্বসম্মত ক্রমে অনুমোদন করেন (পরিশিষ্ট-গ)।</p> <p>(খ) তালিকায় নামের পার্শ্বে বর্ণিত আবেদনকারীদের বিভিন্ন ত্রুটির কারণে বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত (পরিশিষ্ট-খ) মোতাবেক (১৬+০৩) = ১৯ (উনিশ) টি আবেদনপত্রে অর্থ মঞ্জুরি দেয়ার সুযোগ না থাকায় কমিটি স্থগিতের সিদ্ধান্ত গ্রহন করে এবং উক্ত ১৯ (উনিশ) টি আবেদনপত্র (ডায়রী নং- ৪৩৬, ৪৩৯, ৪৪১, ৪৪৩, ৪৫৭, ৪৫৮, ৪৭৪, ৪৭৬, ৪৮৫, ৪৮৬, ৪৯০, ৪৯৩, ৫০৫, ৫১০, ৫১৩, ৫১৯, ৭৮, ৪০২, ৪২১) আবেদনকারীদের নিকট সফটওয়্যারে অটো আপত্তির ম্যাসেজ প্রেরণ করা হয়েছে। এছাড়াও আবেদনকারীদের মোবাইল নম্বরে পাঠানো ক্ষুদ্র বার্তা অনুযায়ী কাগজপত্র পাওয়া সাপেক্ষে পরবর্তী বাছাই কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। নতুন ডায়রী + জবাব ডায়রী নং (নং-৪৫০, ৪৫২, ৪৭৩, ৪৭৮, ১০১, ১০৭, ১৭৯, ২৭৪, ১০৪১, ১০৪২, ১০৭৬), (০৪+০৭)=১১টি আবেদনপত্র বিভিন্ন ত্রুটির কারণে চিকিৎসা অনুদান মঞ্জুরি দেয়ার সুযোগ না থাকায় উপকমিটি বাতিলের সিদ্ধান্ত গ্রহন করে।</p>

চলমান পাতা-০১

০৫/০৭/২০২২

০৫/০৭/২০২২

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৫/০৭/২০২২
(মো: আজমল হোসেন)

পরিচালক

ও

সভাপতি

সাধারণ চিকিৎসা অনুদান উপকমিটি

ফোন : ০২৯৯-৬৬৪৩৪৪৭

E-mail : bkbb.sylhet@gmail.com


নং-০৫.৮১.৯১০০.০০২.০৩.০০৩.২১- ২২২৬

তারিখ : ০৫/০৭/২০২২



অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হলো :

- ১। মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট।
- ৩। পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।
- ৪। হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ৫। অফিস কপি।


০৫/০৭/২০২২
(মো: আজমল হোসেন)

পরিচালক

ও

সভাপতি

সাধারণ চিকিৎসা অনুদান উপকমিটি

ফোন : ০২৯৯-৬৬৪৩৪৪৭

E-mail : bkbb.sylhet@gmail.com

